গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৯৪৮২.০০৯.০৩.০০১.২৪-৭১

তারিখ: ১৮ মাঘ ১৪৩০
০১ ফেব্রুয়ারি ২০২৪

## পীরগঞ্জ, ঠাকুরগাঁও উপজেলাধীন হাট-বাজারসমূহের ১৪৩১ বাংলা সনের জন্য ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলার নিম্নলিখিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত একসনা মেয়াদে ইজারা প্রদান করা হবে।

| ক্র: নং | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | সরকারী মূল্য (বিগত তিন বছরের গড় ইজারা মূল্য+৬% বৃদ্ধি) | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ১ নং ভোমরাদহ | জনগাঁও হাট | ৯,১৯,৬৪০/- | ২৬০০/- |
| ২ | | সেনুয়া হাট | ৯,৫৭৫/- | ৫০০/- |
| ৩ | ২ নং কোষারাণীগঞ্জ | নাককাটি হাট | ৩৮,৩৯৩/- | ৫০০/- |
| ৪ | ৩ নং খনগাঁও | লোহাগাড়া হাট | ২,১৪,৬৫২/- | ১২০০/- |
| ৫ | | কালিয়াগঞ্জ হাট | ৯,১৩,৬৬৮/- | ২৬০০/- |
| ৬ | ৫ নং সৈয়দপুর | কালোপীর হাট | ২,২৬,৬৬৪/- | ১২০০/- |
| ৭ | | ভাবনাগঞ্জ হাট | ৯৭,১৬৪/- | ৫০০/- |
| ৮ | | ভুরভুষিকালী হাট | ১৬,৩৯০/- | ৫০০/- |
| ৯ | | ভাদুয়া হাট | ৩,৩২২/- | ৫০০/- |
| ১০ | | ঝলঝলির হাট | ১,৫২০/- | ৫০০/- |
| ১১ | ৭ নং হাজীপুর | হাজীপুর হাট | ১,০০,৬৮২/- | ১০০০/- |
| ১২ | ৯ নং সেনগাঁও | নসিবগঞ্জ হাট | ৩৪,৯৫,১৭৩/- | ৭৬০০/- |
| ১৩ | | আমতলী হাট | ৫,৯৫৪/- | ৫০০/- |
| ১৪ | | ফাটার হাট | ৬,৮৭২/- | ৫০০/- |
| ১৫ | | ফকিরগঞ্জ হাট | ৫,৮৩০/- | ৫০০/- |
| ১৬ | | গোদাগাড়ী হাট | ১,২৬,০৩৪/- | ১০০০/- |
| ১৭ | ১০ নং জাবরহাট | জাবরহাট | ৩৬,৬৬,৫২৬/- | ৮০০০/- |
| ১৮ | | করনাই হাট | ৪,৫২৩/- | ৫০০/- |
| ১৯ | ১১ নং বৈরচুনা | বৈরচুনা হাট | ৫,৬৩,৯২০/- | ১৮০০/- |
| ২০ | | রমনা চান্দোহর হাট | ২৫,২৬৩/- | ৫০০/- |
| ২১ | | জগন্নাথপুর হাট | ২,০৮৮/- | ৫০০/- |

| পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র দাখিলের সময় | | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|---|---|
| | | | হতে | পর্যন্ত | |
| ১ম | ১৮/০২/২০২৪ খ্রি: | ১৯/০২/২০২৪ খ্রি: | সকাল ১০.০০ টা | বেলা ১.০০ টা | বেলা ৩.০০ টা |
| ২য় | ০৫/০৩/২০২৪ খ্রি: | ০৬/০৩/২০২৪ খ্রি: | সকাল ১০.০০ টা | বেলা ১.০০ টা | বেলা ৩.০০ টা |
| ৩য় | ১৩/০৩/২০২৪ খ্রি: | ১৪/০৩/২০২৪ খ্রি: | সকাল ১০.০০ টা | বেলা ১.০০ টা | বেলা ৩.০০ টা |

বি:দ্র: ইচ্ছুক দরপত্র দাতাগণের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। ১ম পর্যায়ে যদি কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হয় তাহলে ২য় পর্যায়ে উক্ত হাট-বাজারের নাম ইজারা সংক্রান্ত তফসিল হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। অনুরূপভাবে ২য় পর্যায়ে যদি কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হয় তাহলে ৩য় পর্যায়ে উক্ত হাট-বাজারের নাম ইজারা সংক্রান্ত তফসিল হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে।

**দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান:** জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও. উপজেলা ভূমি অফিস, পীরগঞ্জ, সোনালী ব্যাংক, পীরগঞ্জ শাখা, ভারপ্রাপ্ত কর্মকর্তা, পীরগঞ্জ থানা ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পীরগঞ্জ, ঠাকুরগাঁও এ (সরকারী ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) পাওয়া যাবে। **উল্লেখ্য, দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।**

**দরপত্র সিডিউল দাখিলের স্থানসমূহ:** জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও, পুলিশ সুপারের কার্যালয়, ঠাকুরগাঁও, উপজেলা ভূমি অফিস, পীরগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পীরগঞ্জ-এ রক্ষিত **দরপত্র** বাক্সে দাখিল করা যাবে।

বি: দ্র: পত্রিকা বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত। হাট-বাজার ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য ও শর্তাবলী জানার জন্য আগ্রহী দরদাতাকে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পীরগঞ্জ-এ সরাসরি যোগাযোগ/pirganj.thakurgaon.gov.bd ওয়েব সাইট ভিজিট করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

০১/০২/২০২৪
(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

## ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহ্বান সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্য হতে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওনা পর্যন্ত অব্যাহত থাকবে।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফার অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ(ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিন শত ) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণের তারিখ পরিবর্তন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৭/২/২০২৪
(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

স্মারক নং-০৫.৫৫.৯৪৮২.০০৯.০৩.০০১.২৪-৭১

তারিখ: ১৮ মাঘ ১৪৩০
০১ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
২। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর/বালিয়াডাঙ্গী/হরিপুর/রাণীশংকৈল, ঠাকুরগাঁও।
৬। সহকারী কমিশনার (ভূমি), পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৭। মেয়র, পীরগঞ্জ পৌরসভা।
৮। অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা (দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগের জন্য অনুরোধসহ)।
৯। উপজেলা ..............................................................কর্মকর্তা (সকল), পীরগঞ্জ, ঠাকুরগাঁও। (বিজ্ঞপ্তিটি নোটিশবোর্ডে টাঙ্গিয়ে প্রচারের জন্য অনুরোধসহ)।
১০। ম্যানেজার, সোনালী ব্যাংক, পীরগঞ্জ শাখা,ঠাকুরগাঁও জেলা।
১১। চেয়ারম্যান ................................................................ ইউপি (সকল), পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা .................................................. ইউনিয়ন ভূমি অফিস পীরগঞ্জ, ঠাকুরগাঁও। (হাট-বাজার ইজারার বিজ্ঞপ্তিটি তার এলাকাধীন হাট-বাজারসমূহে মাইক/ঢোল-সহরতের মাধ্যমে প্রচার করত: দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখের পূর্বে একটি জারী প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিলের জন্য অনুরোধ করা হলো)।
১৩। সম্পাদক........................................ ।..................................................................................................................
(বর্ণিত হাট-বাজার ইজারার বিজ্ঞপ্তিটি তার বহুল প্রচারিত পত্রিকায় ১(এক) দিনের জন্য স্বল্প পরিসরে (৩ কলাম ইঞ্চি × ১০ ইঞ্চি) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বিল প্রাপ্তি সাপেক্ষে পরিশোধ করা হবে)।
১৪। নোটিশ বোর্ড (সকল)।
১৫। অফিস কপি।

১/২/২০২৪
(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।